Misc.

দৈনিক সংবাদ

তারিখ 15 APR 1986
পৃষ্ঠা 3 কলাম 1

11

# ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান উদ্বোধন

সাভার, ১৪ই এপ্রিল (বাসস)- রাষ্ট্রপতি এইচ,এম এরশাদ আজ এখান থেকে আট কিলোমিটার দূরে সাভার–কালিয়াকৈর মহা-সড়কে জিরানীতে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা-দেশ স্পোর্টস ইনষ্টিটিউট) উদ্বো-ধন করেন। তিনি আশা প্রকাশ করে বলেন, এই বিশেষ প্রতি-ষ্ঠানটি ক্রীড়া ও খেলাধুলার ক্ষেত্রে তরুণ প্রতিভার বিকাশে সহায়ক হবে।

তিনি ক্রীড়া ও খেলাধুলার উন্নয়নে বিজ্ঞানসম্মত উপায়ে জোর প্রশিক্ষণের প্রয়োজনের ওপর গুরুত্ব আরোপ করে বলেন, 'অলিম্পিকের মত আন্ত-র্জাতিক প্রতিযোগিতায় একটি পদক প্রাপ্তি বাংলাদেশকে আরো ব্যাপকভাবে পরিচিত করে তুলতে পারে যা অন্য কোন উপায়ে সম্ভব নয়'।

উদ্বোধনী অনুষ্ঠানশেষে রাষ্ট্রপতি এরশাদ একটি ফলক উন্মোচন করে আনুষ্ঠানিকভাবে স্পোর্টস ইনষ্টিটিউট উদ্বোধন করেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপ-প্রধান সামরিক আইন প্রশাসক এয়ার ভাইস মার্শাল সুলতান মাহমুদ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ক্রীড়া ও যুবমন্ত্রী জনাব জাকির খান চৌধুরী, ক্রীড়া ও যুব মন্ত্রণালয়ের সচিব জনাব আলাফুদ্দৌলা ও ইনষ্টি-টিউটের মহাপরিচালক লে: কর্নেল (অব:) সৈয়দ আবদুল হান্নান বক্তৃতা করেন।

জাতীয় ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড রাষ্ট্রপতি এরশাদকে চেয়ারম্যান করে ১৯৭৬ সালে বাংলাদেশ স্পোর্টস ইনষ্টিটিউটের পরিকল্পনা গ্রহণ করে। উচ্চ মাধ্যমিক পর্যায় পর্যন্ত সাধারণ শিক্ষার পাশাপাশি প্রতিভাবান ছেলে ও মেয়ে ক্রীড়াবিদদের ব্যাপক প্রশিক্ষণের মাধ্যমে গড়ে তোলাই এই ইনষ্টিটিউটের লক্ষ্য। ইনষ্টি-টিউটে সম্ভাবনাময় প্রশিক্ষক, রেফারী ও আম্পায়ারদেরও প্রশি-ক্ষণ দেয়া হবে।